

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(সম্পূরক শুদ্ধ)
প্রজ্ঞাপন

তারিখ, ১৮ পৌষ ১৪০৮/১ জানুয়ারি ২০০২

এস, আর, ও নং ৪-আইন/২০০২/৩৩২-মুসক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৫শে জ্যৈষ্ঠ, ১৪০৮ বাংলা মোতাবেক ৭ই জুন, ২০০১ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও নং ১৪৯-আইন/২০০১/৩১৪-মুসক এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-২ (উৎপাদন পর্যায়ে) এর কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) ২৪.০২ এবং উহার বিপরীতে কলাম (২),(৩) এবং (৪) এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরোনাম সংখ্যা (Heading No.) এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“২৪.০২	২৪০২.২০.০০	তামাকযুক্ত সিগারেট (Cigarettes containing tobacco) প্রতি দশ শলাকা সিগারেটের বিক্রয় মূল্য (প্যাকেটের গায়ে খুচরা বিক্রয়মূল্য ও সিগারেটের সংখ্যা সুস্পষ্ট, লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকার শর্তে) :	
		(১) চার টাকা পঞ্চাশ পয়সা হইতে চার টাকা নিরানব্বই পয়সা পর্যন্ত	৩০
		(২) পাঁচ টাকা হইতে নয় টাকা নিরানব্বই পয়সা পর্যন্ত	৪৫
		(৩) দশ টাকা ও ততোধিক	৫৫”।

(৬৯)

মূল্য : টাকা ১.০০

২। এই প্রজ্ঞাপন ১৮ই পৌষ ১৪০৮ বাংলা মোতাবেক ১লা জানুয়ারি, ২০০২ ইংরেজী তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফখরুল অবেদীন

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।